# Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 16 May, 2025

জামালপুরের বকশীগঞ্জে উপজেলায় পাট ক্ষেত থেকে অজ্ঞাত এক নারীর বিবস্ত্র মরদেহ উদ্ধার করা হয়েছে।শুক্রবার (১৬ মে) সকাল ১০ টার দিকে উপজেলার বগারচর ইউনিয়নের বান্দের পাড় এলাকা থেকে ওই নারীর মরদেহ উদ্ধার করে পুলিশ।বিষয়টি নিশ্চিত করেছেন বকশীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার শাকের আহমেদ।

স্থানীয়রা জানান, সকালে পাট ক্ষেতে কাজ করতে গিয়ে অজ্ঞাত এক নারীর (৩৫) মুখ পোড়া বিবস্ত্র মরদেহ দেখতে পান স্থানীয় কৃষকরা।বিষয়টি জানাজানি হলে উৎসুক জনতার ভিড় জমে ঘটনাস্থলে।পরে খবর পেয়ে মুখমন্ডল পুড়িয়ে ফেলা নারীর বিবস্ত্র মরদেহ উদ্ধার করে পুলিশ। স্থানীয় ও পুলিশের ধারণা মরদেহ যাতে সনাক্ত করতে না পারে সে কারনে হয়তো তার মুখ পুড়িয়ে দেওয়া হয়েছে।

আবুল কাশেম নামে কৃষক জানান, সকাল মরদেহ পাওয়া গেছে শুনে এখানে আসি।এসে দেখি পাট ক্ষেতে কাপড় ছাড়া এক নারীর লাশ পড়ে আছে।মুখ পুড়িয়ে দিয়েছে তাই চিনা যায়না।

বকশীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার শাকের আহমেদ জানান, মুখ পুড়িয়ে দেয়া বিবস্ত্র অবস্থায় এক নারীর মরদেহ উদ্ধার করা হয়েছে।ওই নারীকে মুখ পুড়িয়ে দেওয়ায় তাকে কেউ চিনতে পারেনি।পরিচয় সনাক্তের জন্য পিবিআইকে জানানো হয়েছে।

মরদেহ উদ্ধার পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 22:22

URL: https://www.timestodaybd.com/mymensingh/7758072565